BURLO

# সার্ভিস গাইড






ইনস্টিটিউট ফর হসপিটালাইজেশন এন্ড কেয়ার টু সাইন্টিফিক ক্যারেক্টার, মা ও শিশু **আই.আর.সি.সি.এস**। বুরলো গ্যারোফোলো (বৈজ্ঞানিক গবেষণা প্রতিষ্ঠান ও শিশু হাসপাতাল)- মাতৃ ও শিশু স্বাস্থ্যের জন্য উচ্চমানের স্পেশালাইজড ন্যাশনাল সেন্টার

ইংরেজী

সর্বশেষ আপডেট: জুলাই ২০১৫

**উপস্থাপনা:**

বুরলো গ্যারোফোলো একটি বৈজ্ঞানিক গবেষণা প্রতিষ্ঠান এবং শিশু হাসপাতাল; এটি একটি উচ্চমানের বিশেষায়িত জাতীয় সেন্টার যা শিশু ও মাতৃস্বাস্থ্য সেবা প্রদান করে। উৎকৃষ্টতার গুণগত মান সম্পূর্ণভাবে অনুসরণ করে বুরলো গ্যারোফোলো বায়োমেডিকেল গবেষণা, স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে অভিনবত্ব, জ্ঞান প্রদান, হাসপাতালবাসে এবং মেডিকেল কেয়ারের প্রতি বিশেষ নজর দিয়েছে।

এটি ত্রিয়েস্তে, ফ্রিউলি ভেনেজিয়া, জুলিয়া অঞ্চল সহ ইতালীয় অন্যান্য অঞ্চলের বিদেশীদেরকে পরীক্ষা, স্বাস্থ্য সেবা ও পুনর্বাসন সেবা প্রদান করে।

ত্রিয়েস্তে বিশ্ববিদ্যালয়ের সাথে বিশেষ চুক্তি স্বাক্ষরের জন্য ধন্যবাদ, বুরলো গ্যারোফোলো শিক্ষা ও গবেষণা কার্যক্রমের নিবেদিত একটি ইউনিভার্সিটি ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টার হোস্ট করছে।

**মূল্যবোধ**

আই.আর.সি.সি.এস সেবা প্রদানে, "বুরলো গ্যারোফোলো" নিম্নোক্ত মূলনীতি দ্বারা পরিচালিত:

- সাম্যতা
- নিরপেক্ষতা
- অবিরাম চলমানতা
- নির্বাচনের অধিকার
- অংশগ্রহণ
- দক্ষতা ও কার্যকারীতা

**প্রতিষ্ঠানের প্রতিশ্রুতি**

এই প্রতিষ্ঠান তার সকল ক্লায়েন্টের নিরাপত্তাবিধানে প্রতিশ্রুতিবদ্ধ, যা গুণগতমানের সেবা নিশ্চিত এবং হাসপাতালে মনোরম অবস্থান সহ কিছু নির্দিষ্ট নিয়মাবলী মেনে চলার জন্য বলে।

**আপনার "অধিকার" সম্পর্কে জানা**

অত্র প্রতিষ্ঠানর তার সেবার প্রয়োজনে যে কোন শিশু, প্রাপ্তবয়স্ক বা পরিবারে নিম্নোক্ত অধিকারের নিরাপত্তাবিধানে প্রতিশ্রুতিবদ্ধ, যথা:

- গুণগতমান, কার্যকারী ও দক্ষ চিকিৎসা সহায়তার অধিকার;
- অবিরাম চলমান সেবার অধিকার;
- লিঙ্গ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি বা ধর্মীয় ভিন্নতা নির্বিশেষে সমান ও নিরপেক্ষ চিকিৎসার অধিকার;
- চিকিৎসার সকল স্তরে মানুষের মর্যাদাকে সম্মানের অধিকার, নামের মাধ্যমে পরিচিতি এবং সম্মানজনক ব্যবহারের অধিকার;

- রোগীর স্বাস্থ্য অবস্থা ও চাহিত সেবার সংক্রান্ত তথ্যের গোপনীয়তা সহ ডায়াগনোস্টিক বা অন্য যে কোন চিকিৎসাকালে গোপনতার নিরাপত্তা বিধানের অধিকার;
- যন্ত্রপাতির বিকতলা ও সেবা প্রদানের ভুল সংক্রান্ত ঝুঁকি থেকে নিরাপত্তার অধিকার;
- ব্যাথ্যার পর্যাপ্ত মূল্যায়ন ও ব্যবস্থাপনার অধিকার;
- অসুস্থতা, বিদ্যমান চিকিৎসা সহ বিকল্প চিকিৎসার প্রাপ্তি সহ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রস্তাব সংক্রান্ত পরিস্কার, পূর্ণ ও বিশদ তথ্য প্রাপ্তির অধিকার;
- কোন চিকিৎসার ক্রিয়াপদ্ধতি, সংশ্লিষ্ট ঝুঁকি ও সম্ভাব্য নেতিবাচক ফলাফল সম্পর্কে স্বাস্থ্যসেবা পেশাদারদের কাছ থেকে যথাযথভাবে অবগত হয়ে চিকিৎসা গ্রহণে সম্মতি বা অসম্মতি প্রকাশের অধিকার
- একই ধরণের সেবা প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে নির্বাচনের অধিকার;
- মতামত, প্রশংসা বা অভিযোগ প্রদান সহ উপযুক্ত অফিস থেকে আপনার তথ্য জমার প্রক্রিয়া সংক্রান্ত তথ্য গ্রহণের অধিকার;
- স্বাস্থ্য চিকিৎসায় অংশগ্রহণ এবং স্বাস্থ্য চিকিৎসার গুণগতমান উন্নয়নের অবদান রাখার অধিকার;
- কারো নিজের সম্পূর্ণ, পরিস্কার ও বিস্তারিত চিকিৎসা রেকর্ড প্রাপ্তির অধিকার;
- স্বাভাবিকতা অর্থাৎ আপনার জীবনযাত্রা, নৈমিত্তিক কর্মকাণ্ড, রুটিন, পরিবার ও সামাজিক সম্পর্কে ন্যূনতম প্রভাব ফেলে চিকিৎসা গ্রহণের অধিকার;

**......এবং আপনার "দায়িত্ব"**

- সর্বদা দ্বায়িত্বশীল আচরণ করা এবং অন্যান্য ক্লায়েন্টদের অধিকার ও প্রয়োজনের প্রতি সম্মান প্রদর্শন করা;
- ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদারদের সাথে সহযোগীতা করা- আপনাকে পর্যাপ্ত চিকিৎসা সহায়তা প্রদানের জন্য একটি গুরুত্বপূর্ণ;
- হাসপাতালের পরিবেশের সাথে আচরণৈ ও প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, যন্ত্র ও আসবাবপত্র নাড়াচাড়ায় সম্মানবোধ থাকা;
- সংস্থার গাইডলাইন ও সময়সূচীর প্রতি সম্মানবোধ থাকা;
- প্রবেশাধিকার নিয়ন্ত্রণের প্রতি সম্মানবোধ থাকা;
- দিনের যে কোন সময় বিরক্তি বা হৈচৈ পরিহার করা; পরিদর্শনের সময় পালন করা এবং উক্ত সময়ের পরে হাসপাতালের ওয়ার্ডে মানুষের ভিড় পরিহার করা;
- আপনার সেল ফোন, অডিও ও ভিডিও যন্ত্রের আওয়াজ কমিয়ে রাখা;
- হাসপাতালে ধূমপান নিষিদ্ধ;
- কর্মচারীদের পূর্বে অবহিত না করে কোন ওয়ার্ড বা দিনে হাসপাতাল ভবন ত্যাগ করা।

টেলিফোন যোগাযোগ

| বিভাগ | টেলিফোন নম্বর<br>দৈনিক হাসপাতাল | টেলিফোন নম্বর<br>আন্তঃরোগী ক্লিনিক |
|---|---|---|
| পীডিয়াট্রিক ক্লিনিক | ০৪০ ৩৭৮৫ ২৭১ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| এন্ডোক্রিনোলোজি, অক্সলোজী ও ডায়াবেটোলোজি | ০৪০ ৩৭৮৫ ২৭১ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| গ্যাস্ট্রোইন্টেরোলোজি ও ক্লিনিকাল নিউট্রিশন | ০৪০ ৩৭৮৫ ৩৯৭ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| ডারমেটোলোজি, এলার্জি ও এজমা চিকিৎসা | ০৪০ ৩৭৮৫ ২২২ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| পীডিয়াট্রিক রিউমেটোলোজি | ০৪০ ৩৭৮৫ ২৬৩ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| অস্বাভাবিক মেটাবোলিক সমস্যা | ০৪০ ৩৭৮৫ ২৮৩ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| পীডিয়াট্রিক অনকো-হেমাটোলোজি / বোন ম্যারো ট্রান্সপ্লান্ট | ০৪০ ৩৭৮৫ ৩০৯ | ০৪০ ৩৭৮৫ ২৭৬<br>০৪০ ৩৭৮৫ ৫৬১ |
| পীডিয়াট্রিক নিউরোসাকিয়াট্রি | ০৪০ ৩৭৮৫ ৩৭৮ | ০৪০ ৩৭৮৫ ৩৫৩ |
| পীডিয়াট্রিক অডিওলোজি, সার্জারী, ইউরোলোজি, অফথালমোলোজি ও স্ট্রাবোলোজি, অডোনটোস্টোম্যাটোলোজি ও অর্থপেডিক্স | ০৪০ ৩৭৮৫ ৫০৮ | ০৪০ ৩৭৮৫ ৩৫৪ |
| জরুরী শিশুরোগ  ও ট্রমা সেন্টার | | ০৪০ ৩৭৮৫ ৩৩৩ |
| নিওরোলোজিক্যাল ব্লাডার ডিজঅর্ডার রিজিওনাল সেন্টার | ০৪০ ৩৭৮৫ ৪৪২ | ০৪০ ৩৭৮৫ ৩৫৪ |
| এনেস্থেসিয়া ও রিএনিমেশন | | ০৪০ ৩৭৮৫ ২৩৮ |
| কার্ডিওলোজি | ০৪০ ৩৭৮৫ ২৪৮ | |

**ম্যাটার্নাল ও নিওনেটাল ইউনিট**

| বিভাগ | টেলিফোন নম্বর<br>দৈনিক হাসপাতাল | টেলিফোন নম্বর<br>আন্তঃরোগী ক্লিনিক |
|---|---|---|
| অবসটিট্রিক্স ও গাইনোকোলোজি | গাইনোকোলোজি<br>০৪০ ৩৭৮৫ ৪৫৮ | গাইনোকোলোজি<br>০৪০ ৩৭৮৫ ৩৮৪ |
| অবসটিট্রিক প্যাথলোজি | অবসটিট্রিক<br>০৪০ ৩৭৮৫ ৩০০ | অবসটিট্রিক<br>০৪০ ৩৭৮৫ ৩১৯ |
| নিওনেটোলোজি ও নিওনেটাল আইসিইউ | ০৪০ ৩৭৮৫ ৪৩৯ | ০৪০ ৩৭৮৫ ৩৭১ |
| রুমিং-ই  ও নার্সারী | | ০৪০ ৩৭৮৫ ৩৪৬ |
| প্রেগনেন্সি ও গাইনোকোলোজিক্যাল আল্ট্রাসাউন্ড<br>(আউটপেশেন্ট ইউনিট) | ০৪০ ৩৭৮৫ ২৪৭ | |
| মেডিক্যালি এসিস্টেট প্রোক্রিয়েশন<br>(আউটপেশেন্ট ইউনিট) | ০৪০ ৩৭৮৫ ৫৬৬ | |

অন্যান্য সেবা

| বিভাগ | টেলিফোন নম্বর |
|---|---|
| পীডিয়াট্রিক রেডিওলোজি | ০৪০ ৩৭৮৫ ৩৬৩ |
| ব্লাড টিন্সফিউশন সার্ভিস | ০৪০ ৩৭৮৫ ২৭৪ |
| পাবলিক রিলেশনস অফিস (ইউআরপি) | ০৪০ ৩৭৮৫ ৪৬১ |
| মেডিকেল রেকর্ডস আর্কাইভ ও রেজাল্ট রিট্রিভাল | ০৪০ ৩৭৮৫ ৪৬৮ |
| সিঙ্গেল বুকিং সেন্টার (সিঙ্গেল বুকিং সেন্টার- সিউপি) | ০৪০ ৩৭৮৫ ৬২৯ |

## আমাদের ইউনিফর্ম

| | | |
|---|---|---|
|  | **সাদা**<br>কর্তব্যরত ডাক্তার, ফার্মাসিস্ট, সাইকোলোজিস্ট<br><br>হেলথ ডিরেকশন স্টাফ ও সোশ্যাল এসিস্টেন্ট (পদবী উপর নির্ভর করে সাদা কলার সহ রঙিন পকেট) |  |
|  | **সবুজ কলার সহ সাদা**<br>আবাসিক, সহকর্মী ও কন্সালটেন্ট<br><br>**সবুজ**<br>এনেসথেসিওলোজিস্ট |  |
|  | **সবুজ-নীল**<br>নার্স, পীডিয়াট্রিক নার্স<br><br>**গোলাপী-কমলা**<br>মিডওয়াইফ |  |
|  | **হালকা নীল**<br>রেডিওলোজি, ল্যাবরেটরী ও রিহেবিলিটেশন টেকনিশিয়ান<br><br>**সাদা ও গাড় নীল**<br>রিস্পেরেটরর ফিজিওথেরাপিস্ট ও কিনেসিওথেরাপী টেকনিশিয়ান |  |
|  | **হালকা হলুদ**<br>কেয়ার ওয়ার্কার<br>নার্স ও সাধারণ নার্স (গাঢ় রঙ্গের কলার)<br><br>উজ্জল নীল<br>সহকারী স্টাফ এবং ওটিএ |  |

## হাসপাতালে পৌছা

**গাড়ীর মাধ্যমে**

এ৪ ভেনিস-ত্রিয়েস্তে এক্সপ্রেসওয়ে দিয়ে এসে, দুইনো-লিসার্ট টোল বুথের পর, "বুরলো গ্যারোফোলো হাসপাতাল" এর চিহ্ন অনুসরণ করে মোটরওয়ে দিয়ে এগিয়ে যান (প্রায় ২৫ কিমি)।

জনসাধারণের জন্য হাসপাতালে ২৫টি পার্কিং স্পট রয়েছে (প্রতিবন্ধী প্লাকার্ড দ্বারা তাদের জন্য ৫টি সংরক্ষিত রাখা হয়েছে।)

দুপুর ২.০০  থেকে সকাল ৭.০০ পর্যন্ত পার্কিং লট স্টাফদের জন্য সংরক্ষিত থাকে এবং হাসপাতালে মূল প্রবেশ/বাহির দ্বারা জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে।

দুর্ভাগ্যবশত হাসাপাতালের চারদিকের স্থানে পার্কিং স্পটের কমতি রয়েছে।

**বিমানের মাধ্যমে**

ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট রঞ্চি ডি লেজিওনারি একটি ৫১নং সাটলের মাধ্যমে ত্রিয়েস্তে এর সাথে সংযুক্ত যা প্রতি ৩০ মিনিটে ছেড়ে যায় (ভ্রমনের সময়ঃ ৫০ মিনিট)। শাটলের সর্বশেষ স্টপ হলো সেন্ট্রাল বাস স্টেশন, পিয়াজ্জা ডেলা লিবার্টায় সেন্ট্রাল টেন স্টেশনের পার্শ্ববর্তী।

**ট্রেনের মাধ্যমে**

ত্রিয়েস্তের সেন্ট্রাল টেন স্টেশন থেকে আসার পর, সরকারী পরিবহন ও ট্যাক্সি উভয়ের মাধ্যমে প্রতিষ্ঠানে পৌছানো যাবে।

**সরকারী পরিবহন**

ট্রেন স্টেশন থেকে হাসপাতালের সরাসরি কোন বাস নেই। হাসপাতালে পৌছানোর সহজ রাস্তা হলো ট্রেন স্টেশন থেকে পিয়াজ্জা গোলডোনি মূখী ১নং বাস নেয়া, টানেলের ঠিক পরের স্টপে নামা এবং (একই বাস স্টপে) ১০নং বাস নেওয়া, যা আপনাকে সরাসরি বুরলো গ্যারোফোলো হাসপাতালে নিয়ে আসবে।

গাড়িতে উঠার পূর্বে অবশ্যই বাসের টিকেট কিনতে হবে এবং তা অসংখ্য নিউজস্ট্যান্ড ও টোবাকোর দোকানে পাওয়া যায়।

**ট্যাক্সির মাধ্যমে**

ট্রেন (পাশের প্রবেশপথ) ও বাস স্টেশন (মূল প্রবেশপথ) উভয়টি নিকটে ট্যাক্সি স্টেশন রয়েছে। ০৪০-৩০৭৭৩০ (রেডিও ট্যাক্সি) বা ০৪০-৩৯০০৩৯ (আলাবারদা ট্যাক্সি) নম্বরে টেলিফোন করেও টাক্সি সার্ভিসের জন্য বলা যাবে।

NUMERO UNICO CALL CENTER SALUTE E SOCIALE
0434 DAL TELEFONO CELLULARE DAL FISSO E DALL'ESTERO
223522

## সেবা প্রাপ্তি

### আউটপেশেন্ট স্পেশালিস্ট এপয়েন্টমেন্ট নেওয়া

**আমাকে কি কাগজাদি আনতে হবে?**

স্বশরীরে, অনলাইন, বা টেলিফোনের মাধ্যমে একটি এপয়েন্টমেন্টের জন্য আপনার স্বাস্থ্য বীমা কার্ড লাগবে এবং আপনার জিপি থেকে একটি রেফারেল, যেহেতু প্রশাসনিক কার্যপ্রণালীর জন্য একটি বার কোর্ড রেজিস্ট্রেশনের প্রয়োজন হয় (রেফারেলে পাওয়া যায়)

**কে এপয়েন্টমেন্ট করতে পারবে?**

রোগীরা নিজে বা তাদের পক্ষে যে কেউ, উল্লেখ্য যে, তাদের নিকট জরুরী কাগজাদি থাকতে হবে।

**আমি কিভাবে এপয়েন্টমেন্ট নিতে পারি?**

- ৭.৪৫ ও ১৯.২০ এর মধ্যে কেন্দ্রীয় প্রবেশদ্বারের নিকটে মূল ভবনের নীচ তলায় অবস্থিত বুরলোর সিইউপি কাউন্টারে এসে;
- ১১.৩০ ও ১৩.২০ এর মধ্যে আউটপেশেন্ট ক্লিনিকে (সার্জারী ভবন) অবস্থতি সিইউপি কাউন্টারে এসে;
- ইউনিভার্সিটি হাসপাতালের (এওইউ) সিইউপি কাউন্টার বা স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (১নং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠা, ত্রিয়েস্তে) (পাবলিক হেলথকেয়ার প্রেভাইডার্স সিইউপি) জেলা সিইউপি-তে প্রবেশাধিকারের মাধ্যমে;
- ফার্মাসিতে, যা সরকার নিয়ন্ত্রিত স্বাস্থ্যসেবার অংশ;
- সোমবার থেকে শুক্রবার ৭.৩০ ও ১৮.০০টার মধ্যে এবং শনিবারে ৮.০০ ও ১৮.০০টার মধ্যে ☎০৪৩৪৭ ২২৩৫২২ নম্বরে সিঙ্গেল পাবলিক হেলথ কল সেন্টারের যোগাযোগের মাধ্যমে;
- www.burlo.trieste.it ওয়েবসাইট ভিজিটের মাধ্যমে (অনলাইন বুকিং সেকশন) অনলাইনে; আপনি ৭২ ঘণ্টার মধ্যে আপনার এপয়েন্টমেন্টের সময় ও তারিখ সহ একটি কনফার্মেশন পাবেন। এপয়েন্টমেন্টে আপনার জিপি এর রেফালের আনা নিশ্চিত করুন।

আপনার এপয়েন্টেমেন্টে কোন পরিবর্তন হলে, হাসপাতাল কর্তৃপক্ষ আপনাকে তৎক্ষণাৎ অবগত করবে। আমাদের রোগীদের কার্যকারী সেবা প্রদানে আমাদের সহায়তার লক্ষ্যে আপনাকে এপয়েন্টমেন্ট বাতিল বা পরিবর্তন করতে বলা হতে পারে।

যে সকল মহিলাদের জিপি রেফারেল নেই কিন্তু জরুরী অবসটেট্রিক বা গাইনোকোলোজিক্যাল সহায়তার প্রয়োজন, তারা সরাসরি বার্থিং রুমের পাশ্ববর্তী ২য় তলায় ডি সিড়ির অব-গাইন ইনমার্জেন্সি রুমে যেতে পারেন।

অব-গাইন ইনমার্জেন্সি রুমে লাগানো মূল্য তালিকা অনুযায়ী ফি সাপেক্ষে সেবা প্রদান করা হবে।

মনে রাখুন যে, প্রাপ্তবয়স্ক রোগীদের জন্য আইআরসিসিএস বুরলো গ্যারোফোলো-তে কোন ইমার্জেন্সী রুম নেই।

বুরলোর কোন স্পেশালিস্টের সাথে কোন প্রাইভেট রোগী এপয়েন্টমেন্ট করতে চাইলে, যে ডাক্তারকে তিনি দেখাতে চান তার নাম উল্লেখ করতে ও তাদের পাওয়া যাবে কিনা তা পরীক্ষা করার পরামর্শ দেওয়া যাচ্ছে। এপয়েন্টেমেন্টে পূর্বে প্রয়োজনীয় ফি পরিশোধ করতে হবে এবং এক্ষেত্রে জিপি রেফারেলের প্রয়োজন নেই।

## গোপনীয়তা

এই প্রতিষ্ঠান রোগীর স্বাস্থ্য অবস্থা ও চাহিত সেবার সংক্রান্ত তথ্যের গোপনীয়তা সহ ডায়াগনোস্টিক বা অন্য যে কোন চিকিৎসাকালে গোপনতার নিরাপত্তা বিধানে প্রতিশ্রুতিবদ্ধ।

রোগীর ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হয় এবং তার একমাত্র চিকিৎসা, গবেষণা ও শিক্ষার উদ্দেশ্যে ব্যবহার করা হয়।

ইলেক্ট্রনিক যন্ত্র দিয়ে বা ছাড়া তথ্য প্রক্রিয়াকরণ করা যাবে। প্রতিষ্ঠানের অনুমোদন সহকারে সকল স্বাস্থ্যসেবা পেশাদার ব্যক্তির আপনার তথ্যে প্রবেশ করতে একটি ব্যক্তিগত আইডেন্টিফিকেশন কোড রয়েছে এবং তারা আমাদের রোগীদের তথ্যের গোপনীয়তার প্রতি সম্মানের ব্যাপারে আইনত বাধ্য।

## নাবালকের সাথে আসা

### প্রথমে আউটপেশেন্ট ক্লিনিক ও ভর্তি-পূর্ব স্পেশালিস্ট পরীক্ষায় প্রবেশ

হাসপাতালে প্রথমবার আসার সময় নিয়ম হলো যে, নাবালককে পিতামাতার একজন বা কোন বৈধ অভিভাবকের সাথে আসতে হবে, যাকে নিম্নোক্ত কাগজাদি সরবরাহ করতে হবে:

১. তাদের পিতামাতা কর্তৃত্ব সত্যায়ন করে লিখিত স্ব-প্রত্যায়নপত্র (দলিলের মেয়াদ এক বছর);
২. হাসপাতালের সেবা গ্রহণ, ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ, তৃতীয় পক্ষকে (পিডিট্রিশিয়ান ইত্যাদি) সেই তথ্য প্রেরণের লিখিত সম্মতিপত্র (দলিলের মেয়াদ এক বছর);
৩. হাসপাতালের ভবিষ্যতে সন্তানের সাথে আসার জন্য অন্য কোন প্রাপ্ত বয়স্ককে লিখিত অনুমতিপত্র (দলিলের মেয়াদ এক বছর);
৪. "হাসপাতালে দ্বিতীয়বার ও পরবর্তী পরিদর্শন" উল্লেখ করে ১৬ বছরের বড় নাবালককে স্বাধীনভাবে হাসপাতালের সেবা লাভের জন্য লখিত অনুমতিপত্র (দলিলের মেয়াদ এক বছর);
৫. অধিক্রামক কার্যপ্রণালীর জন্য লিখিত সম্মতিপত্র (আলোচ্য অবস্থার মেয়াদ পর্যন্ত);

প্রতিটি অবস্থাই আলাদাভাবে পরীক্ষা করা হয় এবং সেই স্থানে কিছু বাধ্যবাধকতা আরোপ করা হয়।

**রেডিওলোজি পরীক্ষা**

**আমাকে কি কাগজাদি আনতে হবে?**

স্বশরীরে, অনলাইন, বা টেলিফোনের মাধ্যমে একটি এপয়েন্টমেন্টের জন্য আপনার স্বাস্থ্য বীমা কার্ড লাগবে এবং আপনার জিপি থেকে একটি রেফারেল, যেহেতু প্রশাসনিক কার্যপ্রণালীর জন্য একটি বার কোর্ড রেজিস্ট্রেশনের প্রয়োজন হয় (রেফারেলে পাওয়া যায়)।

পরীক্ষার দিন, পরীক্ষার সাথে সম্পৃক্ত আপনার পূর্বের সকল মেডিকেল রেকর্ড নিয়ে আসুন।

**কে এপয়েন্টমেন্ট করতে পারবে?**

রোগীরা নিজে বা তাদের পক্ষে যে কেউ, উল্লেখ্য যে, তাদের নিকট জরুরী কাগজাদি থাকতে হবে।

আমি কিভাবে এপয়েন্টমেন্ট নিতে পারি?

- সন্তানের জন্য
  - আল্ট্রাসাউন্ড বা পরীক্ষার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি (*) যেমন ম্যাগনেটিক রিজোনেন্স বা সিএটি স্ক্যান এর জন্য, সোমবার থেকে শুক্রবার ৭.৩০ ও ১৩.৩০টার মধ্যে ০৪০ ৩৭৮৫ .৬৩ নম্বরে রেডিওলোজি প্রশাসনিক অফিসে যোগাযোগের মাধ্যমে (মঙ্গলবারে ৯.৩০ ও ১৩.৩০ এর মধ্যে)
  - সিড়ি বি, ২য় তলায় অবস্থিত রেডিওলোজি প্রশাসনিক অফিসে সোমবার থেকে শুক্রবার ৭.৩০ ও ১৩.৩০টার মধ্যে (মঙ্গলবারে ৯.৩০ ও ১৩.৩০ এর মধ্যে) আপনার ডকুমেন্ট প্রদান কররে সরাসরি প্রবেশ সাপেক্ষে রেডিওলোজি পরীক্ষার জন্য কোন প্রস্তুতির (*) প্রয়োজন নেই।

(*) প্রস্তুতির মধ্যে নিম্নোক্ত এক বা একাধিক বিষয় থাকতে পারে: উপবাস, এনিমা, রক্ত পরিক্ষা বা বর্তমান থেরাপির স্থগিত।

- **প্রাপ্ত বয়স্কের জন্য**

  স্বশরীরে
  - ৭.৪৫ ও ১৯.২০ এর মধ্যে কেন্দ্রীয় প্রবেশদ্বারের নিকটে মূল ভবনের নীচ তলায় অবস্থিত বুরলোর সিইউপি কাউন্টারে এসে;
  - ইউনিভার্সিটি হাসপাতালের (এওইউ) সিইউপি কাউন্টার বা স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (পাবলিক হেলথকেয়ার প্রেভাইডার্স সিইউপি) জেলা সিইউপি-তে প্রবেশাধিকারের মাধ্যমে;

  টেলিফোনে
  - সোমবার থেকে শুক্রবার ৭.৩০ ও ১৮.০০টার মধ্যে এবং শনিবারে ৮.০০ ও ১২.০০টার মধ্যে ০৪৩৪৭ ২২৩৫২২ নম্বরে সিঙ্গেল পাবলিক হেলথ কল সেন্টারের যোগাযোগের মাধ্যমে;

নোট: গর্ভবস্থা বা গর্ভাবস্থার সন্দেহের ক্ষেত্রে, পরীক্ষার পূর্বে মেডিকেল স্টাফকে আপনার অবস্থা অবগত করুন।

**ল্যাবরেটরী পরীক্ষা**

ল্যাবরেটরী পরীক্ষার জন্য কোন এপয়েন্টমেন্টের প্রয়োজন নেই, তবে ক্যারিওটাইপ নির্ণয়ের জন্য ব্যতীত (সেক্ষেত্রে সিইউপি কাউন্টার বা অনলাইনে এপয়েন্টমেন্ট নিতে হবে)

**কে বুরলো ল্যাবরেটরীতে প্রবেশ করতে পারবে?**
শুধুমাত্র আমাদের ল্যাবরেটরী প্রস্তাবে ০-১৮ বছরের শিশু, গর্ভবতী মহিলা ও পরীক্ষার প্রয়োজনে যে কোন ব্যক্তি।

**পরীক্ষার দিন আমাকে কি কাগজাদি আনতে হবে?**
আপনাকে আপনার স্বাস্থ্য বীমা কার্ড এবং আপনার জিপি থেকে একটি রেফারেল আনতে হবে, যেহেতু প্রশাসনিক কার্যপ্রণালীর জন্য একটি বার কোর্ড রেজিস্ট্রেশনের প্রয়োজন হয় (রেফারেলে পাওয়া যায়)।

**আমি কখন ল্যাবরেটরী পরীক্ষা করতে পারব?**
সোমবার থেকে শুক্রবার সকাল ৭.৩০ ও ১০.০০ মধ্যে পরীক্ষা করা হয়।

**পরীক্ষা সংক্রান্ত কার্যপ্রণালীগুলো কি?**

- পরীক্ষঅর পূর্বে, আপনার রেফারেল প্রদান ও পরীক্ষার অর্থ পরিশোধের জন্য, চাওয়া হলে, আপনাকে আউটপেশেন্ট ক্লিনিকে (সার্জারী ভবন) ২য় তলায় অবস্থতি সেমপ্লিং সেন্টারের সিইউপি কাউন্টারে আসতে হবে;
- তারপর আপনি পরীক্ষা/নমুনা জমা দেওয়ার জন্য সেমপ্লিং সেন্টারে যাবেন।

০ ও ১৪ এর মাঝামাঝি বয়সের শিশুদেরকে প্রবেশে অগ্রাধিকার রয়েছে; তাদের পিতামাতাকে কোন নম্বর নিয়ে তাদের অপেক্ষা করার কোন প্রয়োজন নেই, শুধু প্রথমে থাকা কাউন্টারে স্বাভাবিকভাবে প্রবেশ করতে হবে। নাবালককে অবশ্যই পিতামাতার বা বৈধ অভিভাবকের সাথে আসতে হবে।

প্রবেশের সময় আপনি রেজাল্ট মেইলের মাধ্যম আপনার বাসার ঠিকানায় প্রেরনের অনুরোধ করতে পারে।

**অর্থ পরিশোধ**

**কখন আমি অর্থ পরিশোধ করব?**
পরীক্ষার পূর্বে অর্থ পরিশোধ করতে হবে। ব্যতিক্রমী ক্ষেত্রে পরীক্ষার পরে তা করা যেতে পারে। আমাদের স্টাফদের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী  তা এপয়েন্টমেন্ট করার সময় দিতে হবে।

**আমি কোথায় অর্থ পরিশোধ করব?**

- প্রাইভেট স্পেশালিস্ট পরীক্ষা সহ ৭.৪৫ ও ১৯.২০ এর মধ্যে কেন্দ্রীয় প্রবেশদ্বারের নিকটে মূল ভবনের নীচ তলায় অবস্থিত বুরলোর সিইউপি কাউন্টারে;

- ইউনিভার্সিটি হাসপাতালের (এওইউ) যে কোন সিইউপি কাউন্টার বা স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (পাবলিক হেলথকেয়ার প্রেভাইডার্স সিইউপি) জেলা সিইউপি-তে;
- অনলাইনে www.burlo.trieste.it -এ প্রবেশ করে;
- ব্যতিক্রমী ক্ষেত্রে আমাদের স্টাফদের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ওয়ার ট্রান্সফারের মাধ্যমে অর্থ পরিশোধ করা যাবে।

**অর্থ পরিশোধের কি কি ব্যবস্থা রয়েছে?**

আপনি নগদে বা ক্রেডিট কার্ডের মাধ্যমে সেবার জন্য অর্থ পরিশোধ করতে পারেন।

**আপনার টেস্ট ফলাফল গ্রহণ**

আমি কোথায় আমার ল্যাবরেটরী বা রেডিওলোজি ফলাফল পাব?

**আমার কি ডকুমেন্ট প্রয়োজন?**

আপনার ফলাফল প্রাপ্তির জন্য আপনাকে অবশ্যই আইডি ডকুমেন্ট দেখাতে হবে।

**কে ফলাফল গ্রহণ করতে পারবে?**

আপনি নিজে ব্যক্তিগতভাবে ফলাফল নিতে পারবেন অথবা এর জন্য কাউকে লিখিতভাবে ক্ষমতার্পন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকেও আপনার আইডি ডকুমেন্ট দেখাতে হবে। নাবালকের ক্ষেত্রে, পিতামাতা বা কোন বৈধ অভিভাবক ফলাফল নিতে পারবে।

**আমি কোথায় ফলাফল গ্রহণ করব?**

ইনফরমেশন কাউন্টারে আপনি:

- রেডিওলোজি পরীক্ষার ফলাফল (সোমবার থেকে শুক্রবার ৭.৩০ ও ১৯.৩০ এর মধ্যে)
- ল্যাবরেটরী পরীক্ষার ফলাফল (সোমবার থেকে শুক্রবার ১৪.০০ ও ১৯.০০ এর মধ্যে)

এপয়েন্টমেন্ট গ্রহণ বা পরীক্ষার সময় আপনি ফলাফল মেইলের মাধ্যম আপনার বাসার ঠিকানায় প্রেরনের অনুরোধ করতে পারে।

প্রযোজ্য আইন অনুযায়ী (অনুচ্ছেদ ৪, প্যারাগ্রাফ ১৮, আইন নং ৪১২/১৯৯১), পরীক্ষার তারিখ থেকে পরবর্তী ৩০ দিনের মধ্যে ফলাফল গ্রহণের ব্যর্থ হলে, আলোচ্য পরীক্ষার সম্পূর্ণ খরচ পরিশোধ করতে হবে।

সাইট প্ল্যান



V. Raffaele Abro
V. Saltera
LABORATORI
UFFICI
CASA FAMIGLIA
OSPEDALE
V. dell'Istria
AMBULATORI
V.G.G. Trissino
Via Gaeta Zifattia

# হাসপাতালে অবস্থানের নির্দেশনা

## ভর্তির ক্ষেত্রে আমাকে কি কি ডকুমেন্ট দরকার?

- স্বাস্থ্য বীমা কার্ড;
- একটি আইডি ডকুমেন্ট
- ট্যাক্স আইডি নম্বর
- ভর্তির উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ পূর্ববর্তী মেডিকেল রিপোর্ট (মেডিকেল রেকর্ড, ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল, পূর্ববর্তী ভর্তি রেকর্ড ইত্যাদি);
- বর্তমান বা চলমান থেরাপির জন্য মেডিকেল পরামর্শ সহ ঔষধের তালিকা

## বাসা থেকে আমার কি আনা উচিত?

- আন্ডারওয়্যার, পায়জামা বা নাইটগাউন, হাউজকোট, স্লিপার, ব্যক্তিগত বস্তু, টাওয়াল, আপনার ব্যক্তিগত পরিচ্ছন্নতার জন্য যা যা প্রয়োজন;
- হাসপাতালে অবস্থানের জন্য জামা পরিবর্তন (নাবালকের সাথে আসা ব্যক্তির জন্য)

- কিছু অর্থ
- আপনার সাথে কোন বিশেষ দামী বস্তু আনবেন না এবং আপনার মূল্যবান বস্তু অরক্ষিত অবস্থায় ফেলে আসবেন না।
- আমাদের সবচেয়ে ছোট রোগী বাসা থেকে তাদের খেলনা ও ব্যক্তিগত সামগ্রী আনতে পারবে, উল্লেখ্য যে তারা তাদের বা অন্যান্য রোগীদের থেরাপী কোন অবস্থাতেই ব্যহত করতে পারবে না।

## পিতামাতা ও পরিবারের সদস্যদের পরিদর্শনের সময়

ইনপেশেন্ট পিডিয়াট্রিক ক্লিনিক: ১৪.০০ থেকে ১৯.০০ পর্যন্ত

অবসটেট্রিক ও গাইনোকোলোজি ইনপেশেন্ট ক্লিনিক: ১৪.০০ থেকে ১৬.৩০ এবং ১৯.০০ থেকে ২০.৩০ পর্যন্ত

আপনাদেরকে অবসটেট্রিক ও গাইনোকোলোজি ইনপেশেন্ট ক্লিনিকে থেকেই রোগী পরিদর্শনের সময় নির্ধারণের জন্য বিনীত পরামর্শ দেওয়া যাচ্ছে, যাতে সেই সময় ও নির্দিষ্ট সময়ের মধ্যে সর্বদা একজন ভিজিটর থাকে।

রিএনিমেশন, নিওনেটাল আইসিইউ এবং অনকো-হেমাটোলোজির পরিদর্শনের সময়ের ব্যাপারে আপনাকে উক্ত ওয়ার্ডের মেডিকেল স্টাফের সাথে আলোচনার পরামর্শ দেওয়া যাচ্ছে।

**হাসপাতালে অবস্থানকালে সন্তাদের সাথে আসা পিতামাতা**

ভর্তি থাকা সন্তাদের সাথে আসা পিতামাতাদের যে কোন একজন দিন ও রাত তাদের সন্তানের সাথে অবস্থান করতে পারবে এবং চিকিৎসা কার্যকর অংশগ্রহণ করবে।

ট্রিসটে এর বাইরে অবস্থাকারী সন্তানদের পিতামাতারা "কাজা মিয়া" পেনশন নির্বাচন করে পারে। ওয়ার্ড কোঅর্ডিনেটরের নিকট আবাসনের আবেদন করতে হবে যিনি নিয়ম অনুযায়ী সেবা প্রদান করবেন। পেনশনে সীমিত সংখ্যক বিছানা রয়েছে, এজন্য দীর্ঘ ও জটিল চিকিৎসা সাপেক্ষে রোগীদের পিতামাতাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে দেওয়া হয়।

পিতামাতারা হাসপাতালের ক্যান্টিন ব্যবহার করতে পারবেন- ট্যারিফ ও ব্যবহারের অধিকার সম্পর্কিত সকল প্রয়োজনীয় তথ্য। দুগ্ধপ্রদানকারী মায়েরা বিনামূল্যে খাবার পাবেন, উল্লেখ্য যে, শিশুর বয়স ১২ মাসের বেশী হবে না।

হাসপাতাল "রুমিং ইন" প্রয়োগ করে, যার অর্থ হলো যে সকল মহিলারা মাত্র সন্তান প্রসব করল, তাদেরকে সর্বক্ষণ তাদের শিশু সন্তানের সাথে অবস্থান এবং তারা সম্পূর্ণ প্রস্তুত হওয়া পর্যন্ত দেখাশুনার অনুমতি প্রদান করে।

**হালকা খাবারদাবারের সুবিধা**

আমাদের তিনটি ভবনের মূল হলে আপনি কফি, বেভারেজ ও স্ন্যাক বিক্রয়ের মেশিন পাবেন। জরুরী ক্ষেত্রে আপনি মূল ভবনের সেন্ট্রাল হলে ক্যাশ-টু-কয়েন কনভার্টারও ব্যবহার করতে পারে।

**চিকিৎসকের সাথে যোগাযোগ**

রোগীর পরিবারের সদস্যরা সেই চিকিৎসকের সাথে যোগাযোগ করতে পারেন যাকে সবসময় রোগীর জন্য রেফার করা হয় এবং রোগীর অবস্থা সম্পর্কে তথ্য নিতে পারেন। গোপনীয়তা নিরাপত্তা বিধান সংক্রান্ত নিয়ম অনুযায়ী ওয়ার্ডের প্রধান চিকিৎসরেক সাথে এপয়েন্টমেন্টের জন্য ওয়ার্ডের কোঅর্ডিনেটরের (হেড নার্স) সাথেও যোগাযোগ করা সম্ভব।

**মেডিকেল ও ডায়াগনোস্টিক পরীক্ষা**

সকল পরীক্ষা সাধারণত সকালে নেওয়া হয়; আপনার পরীক্ষার সময় বর্তমানে আমাদের প্রতিষ্ঠানে অধ্যয়নরত মেডিকেল ছাত্র ও নিবাসীরা উপস্থিত থাকতে পারে।

কোন ডায়াগনোস্টি বা থেরাপীমূলক চিকিৎসার পূর্বে নিয়ম অনুযায়ী, রোগীকে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করতে হবে, সম্মতিপত্রে অবশ্যই পিতামাতা উভয়কে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

**হাসপাতাল ত্যাগ**

হাসপাতাল ত্যাগের সময় আপনি একটি "পরিত্যাগ পত্র", আপনার জিপি এর জন্য একটি মেডিকেল রিপোর্ট পাবেন। পরিত্যাগ পত্র আপনাকে হাসপাতাল ছাড়ার সময় দেওয়া হবে বা হাসপাতালের খরচায় আপনার

পরিত্যাগের ১৫ দিনের মধ্যে আপনার বাসার ঠিকানায় প্রেরণ করা হবে। হাসপাতাল ত্যাগকারী রোগীরা হাসপাতাল থেকে তাদের বাসায় পরিবহনের ব্যবস্থা করবেন।

প্রতিষ্ঠানের মূল ভবনের কেন্দ্রীয় প্রবেশদ্বারের নিকট তথ্য কেন্দ্রে মেডিকেল রেকর্ডের একটি কপির জন্য অনুরোধ করা যাবে।

অন্যান্য সেবা

**সামাজিক সেবাসমূহ**

প্রতিস্টানের সকল ওয়ার্ডের কাজের সাথে সামাজিক সেবাসমূহের সমন্বয় করা হয়েছে। তাদের কর্মকাণ্ডে লক্ষ্য হলো হাসপাতালে অবস্থানরত সকল মহিলা, ছেলেমেয়ে ও তাদের পরিবারদেরকে স্থানীয় সামাজিক ও স্বাস্থ্য সেবা প্রদান সহ সহযোগীতার মাধ্যমে সময়োপযোগী সহায়তা প্রদান করা।

**ধর্মীয় সেবাঃ**

এই প্রতিষ্ঠান তার রোগী ও দর্শনার্থীদের ধর্মীয় ও অধ্যাত্মিক প্রয়োজন মেটাতে হাসপাতালে কোন প্রতিনিধি না থাকলে, যখনই সম্ভব স্থানীয় বা আঞ্চলিক প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে হাসপাতালে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিষ্ঠানে উপস্থিত না থাকা কোন ধর্মীয় প্রতিনিধির সাথে যোগাযোগের জন্য ওয়ার্ড কোঅর্ডিনেটরের নিকট অনুরোধ করতে হবে।

**সাংস্কৃতিক মধ্যস্থতা**

ইতালী বলতে না পারা বিদেশী নাগরিকদের সেবা প্রাপ্তি সহজতর করতে, অত্র প্রতিষ্ঠান ভাষাগত ও সাংস্কৃতিক মধ্যস্থতা সেবা প্রদানের লক্ষ্যে একটি সংস্থার সাথে সহযোগীতা শুরু করেছে।

সাংস্কৃতিক মধ্যস্থতাকারী একজন পেশাদার ব্যক্তি যিনি একটি নির্দিষ্ট পেশাগত প্রশিক্ষণ সম্পন্ন করেছেন এবং তার পেশাগত গোপনীয়তা বজায় রাখতে বাধ্য। মধ্যস্থতাকারীর কাজ হলো চিকিৎসক, নার্স ও হাসপাতালের অন্যান্য স্টাফদের সাথে নিম্নোক্ত কাজের জন্য রোগীর যোগাযোগ সহজতর করাঃ

- আপনার সমস্যা বর্ণনা করে আপনাকে সাহায্য করা;
- আপনার মেডিকেল অবস্থা বুঝতে আপনাকে সাহায্য করা;
- থেরাপি বুঝতে আপনাকে সাহায্য করা;
- হাসপাতাল পরিত্যাগের পর কি করতে হবে তা বুঝতে আপনাকে সাহায্য করা;

ওয়ার্ড কো-অর্ডিনেটর বা চিকিৎসা এই সেবা চালু করলে, তা বিনামূল্যে প্রদান করা হবে।

**থেলথ কেয়ার সার্ভিসের অধিকার:**

যারা ন্যাশনাল হেলথকেয়ার সিস্টেমে নিবন্ধিত নয় কিন্তু মেডিকেল সহায়তা প্রয়োজন, তারা সিঙ্গেল বুকিং সেন্টার (সিইউপি) এর স্ট্যাফের সাথে যোগাযোগ করতে পারে। মেডিকেল সহায়তা চাওয়ার পূর্বে সিঙ্গেল বুকিং সেন্টার (সিইউপি) এর স্ট্যাফের সাথে যোগাযোগ এবং আপনার আইডি ডকুমেন্ট সহ আপনার স্বাস্থ্য বীমা সংশ্লিষ্ট ডকুমেন্ট আনার পরামর্শ দেওয়া যাচ্ছে।

**হাসপাতালে স্কুল:**

এই প্রতিষ্ঠান প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা উপকরণ দিয়ে স্কুল সেকশন পরিচালনা করছে যার আমাদের ইয়ং পেশেন্ট স্কুলের সাথে যোগাযোগ রয়েছে। এর মাধ্যমে আমরা আমাদের যুবক রোগীদের শিক্ষার অধিকারের নিরাপত্তা বিধানে অবদান রাখি। এছাড়া তা প্রত্যেকের জন্য উন্মুক্ত হলেও, আমার স্কুল সেকশন দীর্ঘদিন হাসপাতালে অবস্থান এবং/বা প্রায়ই হাসপাতালে ভর্তি হতে হয় এরূপ রোগীদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

স্বশরীরে বা ইমেইলের মাধ্যমে (আমাদের ওয়ার্ডের নোটিশ বোর্ডে ইমেইল এড্রেস পাওয়া যাবে) সন্তানের ভর্তির ওয়ার্ডের মেডিকেল স্টাফ বা সন্তানের শিক্ষকের সাথে সরাসরি যোগাযোগ করে এই সার্ভিসটির জন্য অনুরোধ করা যেতে পারে।

**পাবলিক রিলেশনস অফিস (ইউআরপি):**

পাবলিক রিলেশনস অফিস হলো প্রাপ্ত সেবার সম্পর্কে জনগণকে অবহিত করা, সেচ্ছাসেবী সংস্থার সাথে সহযোগীতা বজায়, অভিযোগ ও পরামর্শ সংগ্রহ ও প্রক্রিয়াকরণ, সহ হাসাপাতালের সার্ভিসের প্রতি রোগী ও দর্শনার্থীদের সাবির্ক সন্তুষ্টি মনিটরিং এর দ্বায়িত্বপ্রাপ্ত।

রোগী, দর্শনার্থী, সেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি বা এই অঞ্চলে নিবন্ধতি নাগরিক অধিকার সুরক্ষা সংস্থার সদস্যরা এই প্রতিষ্ঠানের প্রদত্ত কোন মেডিকেল সার্ভিস প্রাপ্তি থেকে কোন ব্যক্তিকে প্রত্যাখান বা অধিকার সীমিতকরণ সংঘটিত হওয়ার ১৫ দিনের মধ্যে অভিযোগ দায়ের করতে পারবে।

**অভিযোগ জমা দেওয়া যাবে:**

- স্বশরীরে সোমবার থেকে শুক্রবার ১০.০০ ও ১২.০০ এর মধ্যে আউটপেশেন্ট ক্লিনিকে (সার্জারী ভবন) ২য় তলায় অবস্থিত পাবলিক রিলেশনস অফিসে (ইউআরপি) এসে অথবা বিকেলের পূর্বে কোন এপয়েন্টমেন্ট করার সময়
- লিখিতভাবে, মূলভবনের সেন্ট্রাল হলে থাকা “অভিযোগ বাক্স” এর মধ্যে প্রাপ্ত ফরম অনুসরণ করে
- লিখিতভাবে, বুরলো গারোফোলে, ভিসা দেল ইস্ট্রিয়া ৬৫/১ ৩৪১৩৭- ত্রিয়েস্তে ঠিকানায় বা ০৪০ ৩৭৮৫৪৮৭ নম্বরে ফ্যাক্স করে ইউ.আর.পি নিকট প্রেরণ করে

**সেচ্ছাসেবী সংস্থা:**

কতিপয় সেচ্ছাসেবী সংস্থা এই প্রতিষ্ঠানের সাথে সহযোগীতা করে এবং রোগীদের বিশেষ স্বাস্থ্য ও সামাজিক সমস্যা সমাধান করে।

এই সেচ্ছাসেবী সংস্থাগুলোর কার্যক্রম সংক্রান্ত তথ্য সিঙ্গেল ওয়ার্ডের কো-অর্ডিনেটর বা পাবলিক রিলেশনস অফিসে যোগাযোগ করে পাওয়া যাবে।

**“৫ X মিলি” দান**

বুরলো গ্যারোফোলোকে আপনার “৫ X মিলি” দান অর্পন করতে, আপনার বার্ষিক আয় বিবরণী জমা দেওয়া সময়, আমি কোন অতিরিক্ত কর বা খরচ ছাড়াই আমাদের সহায়তা করতে পারেন। আপনার দান আমাদের মেডিকেল স্টাফদের স্কলারশিপ ও গবেষণা সহ নতুন যন্ত্রপাতি ক্রয়, আমাদের কমবয়সী রোগী ও তাদের পরিবারদেরকে প্রদত্ত আমাদের সেবার মান বজায় ও উন্নতির জন্য ব্যবহৃত হবে।

আপনার আয় বিবরণী জমা দেওয়ার সময়, ইতালিয়ান রেভিনিউ সার্ভিসে জমা দেওয়ার লক্ষে নিম্নোক্ত উপায়ে সহজভাবে “স্বাস্থ্যসেবা গবেষণার জন্য অর্থায়ন” অপশন নির্বাচন করে আপনার “৫ X মিলি” দান অর্পন করতে আপনি আপনার একাউন্ট্যান্ট বা ট্যাক্স এসিস্ট্যান্স সেন্টার (সিএএফ) ক্লার্ক ইনচার্জকে বলতে পারেন:

- ডব্লিউ-২ ফরম (ইন্ট্রিগ্রেটেড ফরম সিইউডি)

- কর্মচারীর ট্যাক্স ফরম (মডেল ৭৩০/১-বিআইএস আয়)

- সমন্বিত ট্যাক্স রিটার্ন ফরম (একক ধরণ ব্যক্তি পর্যায়)

খালি স্থানে বুরলো গ্যারোফোলোর ট্যাক্স আইডি নম্বর **০০১২৪৪৩০৩২৩** প্রদান করেন।

গুরুত্বপূর্ণ নম্বর

| | |
|---|---|
| সুইচবোর্ড | ☎ ০৪০ ৩৭৮৫ ১১১ |
| হেলথ কেয়ার সার্ভিস | ☎ ০৪৩৪ ২২৩৫২২ |
| কল সেন্টার | সোমবার থেকে শুক্রবার: ০৭.৩০-১৮.০০<br>শনিবার: ০৮.০০ - ১২.০০ |
| পাবলিক রিলেশনস অফিস | ☎ ০৪০ ৩৭৮৫ ৪৬১<br>সোমবার থেকে শুক্রবার:<br>১০.০০ - ১২.০০<br>ইমেইল: **urp@burlo.trieste.it** |
| জরুরী | ☎ **118** |
| প্রতিষ্ঠানের হোমপেইজ | **www.burlo.trieste.it** |